

১। মূলনীতি:

২। মনোত্রাম (লোগো):

৩। নাম: বাংলা ও ইংরেজি

৪। কার্যালয়:

৫। সদস্যসংখ্যা:

৬। সংগঠনটির প্রতিষ্ঠাকাল:.....

৭। সাংগঠনিক কাঠামো:-জন সদস্য নিয়ে ব্যান্ডটি গঠিত হলো। অধিকাংশ সদস্যের লিখিত সম্মতিতেকে দলীয়/ব্যান্ড প্রধান নির্বাচিত করা হলো। তিনি ব্যান্ডের আয়-ব্যয়, বন্টন, স্টেজ শো, চুক্তি ও সকল ধরনের ব্যবস্থাপনার দায়িত্বে থাকবেন। ভবিষ্যতে প্রয়োজনে সকল সদস্যগণের সম্মতিক্রমে সদস্যসংখ্যা হ্রাস- বৃদ্ধি হতে পারে।

৮। সাধারণ শর্তাবলি:

ক) ব্যান্ডের যাবতীয় সিদ্ধান্ত ও বিভিন্ন চুক্তিপত্রের ক্ষেত্রে ব্যান্ডের সকল সদস্যের সম অধিকার থাকবে। তবে ব্যান্ড লিডার দলের পক্ষে বিভিন্ন চুক্তিপত্রে স্বাক্ষর করবেন।

খ) ব্যান্ডটির গানগুলোর সর্বস্বত্ব সম্পূর্ণ “ ব্যান্ড” এর নামে কপিরাইট রেজিস্ট্রেশন করা হবে। পরবর্তীতে কোন সদস্য ব্যান্ড ত্যাগ করার পর ব্যান্ডের অধিকাংশ সদস্যের সম্মতি ব্যতিরেকে পূর্বে পরিবেশিত ও প্রকাশিত কোন গান পরিবেশন বা স্বত্ব দাবি করতে পারবে না। তবে নিজ সময়ে পরিবেশিত বা প্রকাশিত গানের রয়্যালটি পূর্ব নির্ধারিত হারে তিনি প্রাপ্য হবেন।

গ) ব্যান্ড লিডার প্রতি সপ্তাহে/মাসে আয়-ব্যয়ের হিসাব প্রত্যেক সদস্যের নিকট উপস্থাপন করবেন।

ঘ) ব্যান্ডটির প্রোগ্রাম ও অন্যান্য উৎস থেকে যে আয় হবে তা সকল সদস্যদের মাঝে সমভাবে বন্টিত হবে। একইভাবে ব্যান্ডটির বিভিন্ন ব্যয়ও সমভাবে সকল সদস্য বহন করবে।

ঙ) কোন সদস্য যদি ব্যান্ড দলের স্বার্থ পরিপন্থি কার্যকলাপে লিপ্ত থাকে, সেক্ষেত্রে ব্যান্ডের দুই-তৃতীয়াংশ সদস্যের লিখিত সম্মতিতে উক্ত সদস্যকে বহিস্কার করা যাবে।

৯। গঠনতন্ত্র সংশোধন: বাস্তব অবস্থা বা জরুরি প্রয়োজনে এ গঠনতন্ত্রের কোন ধারা- উপধারার কোন সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন, পরিমার্জন বা প্রতিস্থাপনের প্রয়োজন হলে ব্যান্ডের অধিকাংশ সদস্যের লিখিত সম্মতিতে গঠনতন্ত্রের সংশোধন করা যাবে।

১০) ব্যান্ডের যে কোন গান নিয়ে বিরোধ দেখা দিলে কপিরাইট অফিস বা বোর্ডের মাধ্যমে তা নিষ্পত্তির উদ্যোগ নেয়া হবে।